যুগান্তর

তারিখ 01 AUG 2008
পৃষ্ঠা ১৬ কলাম ৫

# ৩১৩ শিক্ষা প্রতিষ্ঠানের বেতন-ভাতা বন্ধ

বরিশাল ব্যুরো

এসএসসি পরীক্ষায় খারাপ ফলাফল করায় সারাদেশে ৩১৩টি মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতা বন্ধ করে দিয়েছে সরকার। এ সংক্রান্ত একটি নির্দেশনা ইতিমধ্যে এসে পৌঁছেছে বরিশালের ব্যাংকগুলোতে। জুলাই মাসের বেতন-ভাতা উত্তোলন করতে গিয়ে বিষয়টি জানতে পারেন শিক্ষকরা। তবে বোর্ড কর্তৃপক্ষ এখন পর্যন্ত এ ব্যাপারে কিছুই জানে না বলে জানিয়েছে। ২০০৬ সালের এসএসসি পরীক্ষায় পাসের হার শূন্য এবং মাত্র ৫ জন পরীক্ষার্থী অংশ নেয়া শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে চিঠি দেয় সরকার। পৃথক দুটি নির্দেশনা উল্লেখ করে দেয়া ওই চিঠিতে ফলাফল খারাপ এবং শিক্ষার্থী কম থাকার বিষয়ে কারণ দর্শাতে বলা হয়। চিঠির জবাব দেয়ার পর পাসের হার শূন্য থাকা ৩১৩টি শিক্ষা প্রতিষ্ঠানসহ ৭শ'র বেশি মাধ্যমিক প্রতিষ্ঠানের স্বীকৃতি বাতিল করার সিদ্ধান্ত নেয় মন্ত্রণালয়। এ সংক্রান্ত চিঠিও দেয়া বন্ধ : পৃষ্ঠা ২ : কলাম ৫

## বন্ধ : বেতন

(১৬ পৃষ্ঠার পর)

হয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডগুলোতে। চিঠি পাওয়ার পর সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে তা পাঠায় বরিশাল শিক্ষা বোর্ড। এরপর আর এ ব্যাপারে নতুন কোন খবর জানতে পারেনি কেউ।

এদিকে জুলাই মাসের বেতন উত্তোলনের জন্য বিল তৈরির পর বৃহস্পতিবার ব্যাংকে গিয়ে বেশক'টি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানরা জানতে পারেন, তাদের ভাতা বন্ধ করে দেয়া হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় থেকে আসা চিঠির বরাত দিয়ে তাদের এ তথ্য জানান ব্যাংক কর্মকর্তারা। তাৎক্ষণিকভাবে বরিশাল শিক্ষা বোর্ডের সঙ্গে যোগাযোগ করা হলে এ ব্যাপারে বোর্ড কর্তৃপক্ষের কিছুই জানা নেই বলে জানানো হয়। শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক খন্দকার অলিউল ইসলাম জানান, বেতন-ভাতা বন্ধের কোন চিঠি কিংবা তালিকা তাদের হাতে আসেনি।

বিষয়টি সম্পর্কে জানতে বরিশালের রূপালী ব্যাংক কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করা হলে তারা জানান, শিক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক মোঃ আনোয়ারুল হোসেন স্বাক্ষরিত দুটি প্রজ্ঞাপনের মাধ্যমে ১৭ জুন থেকে দেশে ৩১৩টি শিক্ষা প্রতিষ্ঠানের বেতন-ভাতা বন্ধের নির্দেশ দেয়া হয়েছে। এর মধ্যে ঢাকা বোর্ডে ৫৫টি, রাজশাহীতে ১০৫টি, চট্টগ্রাম ও কুমিল্লা বোর্ডে ৪৭টি করে, বরিশাল শিক্ষা বোর্ডে ৭৪টি, যশোর শিক্ষা বোর্ডে ১৭টি এবং সিলেট শিক্ষা বোর্ডে ১৫টি স্কুল রয়েছে। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত এদের বেতন-ভাতা বন্ধ রাখার নির্দেশ দিয়েছে মন্ত্রণালয়।